জুন/২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

স্থান: ইউপি সভাকক্ষ তারিখ: ১৭/০৬/২০২৩ ইং সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভাপতি: মোঃ সহীদুল ইসলাম মজনু

| ক্রঃনং | উপস্থিত সদস্য গণের নাম | পরিচয় | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ সহীদুল ইসলাম মজনু | চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | হাছিনা বেগম | সংরক্ষিত আসনের সদস্য, ১ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | রিংকু দত্ত | সংরক্ষিত আসনের সদস্য, ২ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোছাঃ শাহানাজ পারভীন | সংরক্ষিত আসনের সদস্য,৩ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ ইসাহাক সেক | সাধারণ আসনের সদস্য ,১ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ মোসলেউদ্দিন | সাধারণ আসনের সদস্য ,২ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | রিপন হোসেন | সাধারণ আসনের সদস্য ,৩ নং ওয়ার্ড | সদস্য | - |
| ০৮ | মহঃ রেজাউল কবির খান | সাধারণ আসনের সদস্য ,৪ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | মোঃ আজগর হোসেন | সাধারণ আসনের সদস্য ,৫ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | কালাম সেক | সাধারণ আসনের সদস্য ,৬ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | মাইনুদ্দিন | সাধারণ আসনের সদস্য ,৭ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মুহাম্মাদ ছব্দুল হোসেন | সাধারণ আসনের সদস্য ,৮ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ হিটলু খান | সাধারণ আসনের সদস্য ,৯ নং ওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান,ঈশান গোপালপুর ইউপি সাহেব সভার আসন গ্রহণ করলে সভার কাজ আরম্ভ করা হইল ।

আলোচ্য সূচী-১: ২০২২-২০২৩ অর্থ বছরে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ভিজিএফ নামের অগ্রাধিকার তালিকা তৈরি প্রসঙ্গে

জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে জুন /২০২৩ইং মাসের অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের খাদ্য সহায়তার লক্ষে অত্র ইউনিয়ন পরিষদের অনুকুলে মোট ৬৮৬ টি ভিজিএফ কার্ড বরাদ্দ পাওয়া গিয়েছে। ববরাদ্দকৃত কার্ড গুলি ভিজিএফ নীতিমালা অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক বিভাজন পূর্বক অসহায় দুঃস্থ পরিবারের অগ্রাধিকার তালিকা তৈরীর সিদ্ধান্ত সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল এবং প্রস্তুতকৃত তালিকা উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর এর নিকট জমা দেওয়ার সিদ্ধান্ত হইল।

আলোচ্য সূচী -২: ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর আওতায় ৩য় পর্যায় প্রকল্পের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর হইতে প্রাপ্ত পত্র খানা স্মারক নং-৫১.০১.২৯৪৭.০০০.৪২.০০০.২৩-৪২৪ তাং- ১৩/০৬/২০২৩ইং পাঠ করে শুনান এবং জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ ( টি,আর ) কর্মসূচীর আওতায় ৩য় পর্যায় অত্র ইউনিয়ন পরিষদের অনুকুলে ১৭০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন মূলক কাজ করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । আলাপ-আলোচনা শেষে নিন্মরুপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ চরনশীপুর লালমিয়ার গোরস্থানের বাউন্ডারী ওয়াল মেরামত ও মাটি ভরাট - - -১৭০,০০০/-

আলোচ্যসূচী -০৩ : হাটবাজার ইজারার ১৫% খাতের অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পের বিল ভাউচার ও মাষ্টার রোল দাখিল প্রসঙ্গে আলোচনা।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর কার্যালয় হাটবাজার ইজারার ১৫% খাতের অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পের বিল ভাউচার দাখিল করিবার নির্দেশনা পাওয়া গিয়েছে। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । প্রকল্প সভাপতিগন কাজ চুড়ান্তভাবে সমাপ্ত করিয়া তাহার বিল ভাউচার ও মাষ্টার রোল অদ্যকার সভায় দাখিল করিয়াছেন। দাখিলকৃত প্রকল্পে গুণগত মান সন্তোষ জনক। আলাপ-আলোচনা শেষে প্রকল্পের বিল ভাউচার ও মাষ্টার রোল উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর কার্যালয় দাখিলের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ লক্ষীদাসের গো-হাটের অভ্যন্তরে এইচবিবি রাস্তা নির্মাণ (অংশ-১)। ২০০,০০০/-

২। প্রকল্পের নাম ঃ লক্ষীদাসের গো-হাটের অভ্যন্তরে এইচবিবি রাস্তা নির্মাণ (অংশ-২)। ২০০,০০০/-

৩। প্রকল্পের নাম ঃ লক্ষীদাসের বিবিধ হাটের সেড ঘর মেরামত। ২০০,০০০/-

৪। প্রকল্পের নাম ঃ লক্ষীদাসের বিবিধ হাটের টয়লেট মেরামত । ৬৫,০০০/-

৫। প্রকল্পের নাম ঃ আনন্দ বাজারে এইচবিবি রাস্তা নির্মাণ । ৪৬,৭৪০/-

৬। প্রকল্পের নাম ঃ গোপালপুর বাজারে টয়লেট মেরামত। ২৪০০০/-

আলোচ্যসূচী -০৪ : হাটবাজার ইজারার ১০% খাতের অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পের বিল ভাউচার ও মাষ্টার রোল দাখিল প্রসঙ্গে আলোচনা।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর কার্যালয় হাটবাজার ইজারার১০% খাতের অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পের বিল ভাউচার দাখিল করিবার নির্দেশনা পাওয়া গিয়েছে। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । প্রকল্প সভাপতিগন কাজ চুড়ান্তভাবে সমাপ্ত করিয়া তাহার বিল ভাউচার ও মাষ্টার রোল অদ্যকার সভায় দাখিল করিয়াছেন। দাখিলকৃত প্রকল্পে গুণগত মান সন্তোষ জনক। আলাপ-আলোচনা শেষে প্রকল্পের বিল ভাউচার ও মাষ্টার রোল উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর কার্যালয় দাখিলের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

প্রকল্পের নাম ঃ ০১। গোপালপুর বাজারে সেডঘড় মেরামত। ২০০,০০০/-

প্রকল্পের নাম ঃ ০২। পিঠাকুমড়া বাজারে সেড ঘর মেরামত। ২০০,০০০/-

প্রকল্পের নাম ঃ ০৩। পিঠাকুমড়া বাজারে টয়লেট ও প্রসাবখানা নির্মাণ। ২০০,০০০/-

আলোচ্য সূচী -০৫: ২০২২-২০২৩ অর্থ বছরে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব খাতের অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পের বিল ভাউচার ও মাষ্টার রোল দাখিল প্রসঙ্গে আলোচনা।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর কার্যালয় স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব খাতের বাস্তবায়নকৃত প্রকল্পের বিল ভাউচার দাখিল করিবার নির্দেশনা পাওয়া গিয়েছে। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল । প্রকল্প সভাপতিগন কাজ চুড়ান্তভাবে সমাপ্ত করিয়া তাহার বিল ভাউচার ও মাষ্টার রোল অদ্যকার সভায় দাখিল করিয়াছেন। দাখিলকৃত প্রকল্পে গুণগত মান সন্তোষ জনক। আলাপ-আলোচনা শেষে প্রকল্পের বিল ভাউচার ও মাষ্টার রোল উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর কার্যালয় দাখিলের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

১। প্রকল্পের নাম ঃ গোপালপুর ফেলী ফকির (দয়ালের) বাড়ী হইতে গোপালপুর লক্ষীদাসের হাট সংযোগ সড়ক পর্যন্ত ফ্লাটসোলিং রাস্তা মেরামত ও মাটি দ্বারা সংস্কার-২০০,০০০/-

২। প্রকল্পের নাম ঃ বারোখাদা ফতেপুর সোনাউল্যা মাতুব্বর পাড়া এইচবিবি রাস্তা মেরামত ও মাটি দ্বারা সংস্কার-১৩০,০০০/-

আলোচ্য সূচী -০৬: হোল্ডিং ট্যাক্স আদায় অর্থ হতে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে আলোচনা।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বাউন্ডারী ওয়ালের দুপাশ দিয়ে মাটি ভরাট করা প্রয়োজন। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল।আলাপ-আলোচনা শেষে হোল্ডিং ট্যাক্স আদায় অর্থ হতে প্রকল্প দিয়ে কাজ সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হইল ।

প্রকল্পের নাম ঃ ঈশান গোপলপুর ইউনিয়ন পরিষদের ভিতর ও বাহিরে মাটি দ্বারা সংস্কার-২০০,০০০/-

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)
চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি
ফরিদপুর সদর,ফরিদপুর।